

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৪২ ২৫/ চিকিৎসা (کتاب الطب) পরিচ্ছেদঃ ২৫/৩. হুমিয়্যা (রোগীর পথ্য)

بَاب الْحِمْيَةِ

আরবী

حَدَّقْنَا أَبُو بَكْرِ بِنْ أَبِي شَيْبَةَ، حَدَّتُنَا يُونُسُ بِنْ مُحَمَّدٍ، حَدَّقْنَا قُلَيْحُ بِنُ سُلَيْمَانَ، عَنْ أَيُّوبَ بِنِ عَبْدِ الرَّحْمَنِ بِنِ عَبْدِ اللَّهِ بِنِ أَبِي صَعْصَعَةَ، ح وَحَدَّقْنَا مُحَمَّدُ بِنُ بَشَّادٍ، حَدَّقْنَا أَبُو عَامِرٍ، وَأَبُو دَاوُدَ قَالاَ حَدَّقْنَا قُلَيْحُ بِنُ سُلَيْمَانَ، عَنْ أَيُّوبَ بِنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ يَعْقُوبَ بِنِ أَبِي يَعْقُوبَ، عَنْ أُمِّ الْمُنْذِرِ بِنْتِ قَيْسٍ الأَنْصَارِيَّةِ، قَالَتْ دَخَلَ عَلَيْنَا رَسُولُ اللّهِ لَ مَعْقُوبَ مَعْقُوبَ، عَنْ أُمِّ الْمُنْذِرِ بِنْت قَيْسٍ الأَنْصَارِيَّةِ، قَالَتْ دَخَلَ عَلَيْنَا رَسُولُ اللّهِ عليه وسلم - وَمَعَهُ عَلِيُّ بِنُ أَبِي طَالِبٍ وَعَلِيٌّ نَاقِهٌ مِنْ مَرَضٍ وَلَنَا دَوَالِي مُعَلِقَةٌ وَكَانَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - يَأْكُلُ مِنْهَا فَتَنَاوَلَ عَلِيٌّ لِيَأْكُلَ فَقَالَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - " مَهْ يَا عَلِيُّ إِنَّكَ نَاقِهٌ " . قَالَتْ فَصَنَعْتُ لِلنَّبِيِّ - صلى الله عليه وسلم - " مَهْ يَا عَلِيُّ إِنَّكَ نَاقِهٌ " . قَالَتْ فَصَنَعْتُ لِلنَّبِيِّ - صلى الله عليه وسلم - سلِقًا وَشَعِيرًا فَقَالَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - " يَا عَلِيُّ مِنْ هَذَا فَأَصِبْ فَإِنَّهُ أَنْفَعُ لَكَ " .

বাংলা

১/৩৪৪২। উম্মুল মুন্যির বিনতে কায়েস আল-আনসারী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট প্রবেশ করলেন। তাঁর সাথে ছিলেন আলী ইবনে আবূ তালিব (রাঃ)। আলী (রাঃ) সদ্য রোগমুক্তির কারণে দুর্বল ছিলেন। আমাদের এখানে খেজুরের ছড়া ঝুলিয়ে রাখা ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা খেতে লাগলেন। আলীও তা খাওয়ার জন্য নিলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ থামো হে আলী! তুমি তো অসুস্থতা জনিত দুর্বল। রাবী বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য রুটি ও বার্লি তৈরি করে আনলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আলী (রাঃ) কে বললেনঃ এটা থেকে খাও। এটা তোমার জন্য অধিক উপকারী।

English



It was narrated that Umm Mundhir bint Qais Ansariyyah said:

"The Messenger of Allah (ﷺ) entered upon us, and with him was 'Ali bin Abu Talib, who had recently recovered from an illness. We had bunches of unripe dates hanging up, and the Prophet (ﷺ) was eating from them. 'Ali reached out to eat some, and the Prophet (ﷺ) said to 'Ali: 'Stop, O 'Ali! You have just recovered from an illness.' I made some greens and barley for the Prophet (ﷺ), and the Prophet (ﷺ) said to 'Ali: 'O 'Ali, eat some of this, for it is better for you.'"

ফুটনোট

তিরমিয়ী ২০৩৭, আবূ দাউদ ৩৮৫৬, আহমাদ ২৬৫১১, মিশকাত ৪২১৬, সহীহাহ ৫৯, মুখতাসারুশ শামাইল ১৫৪। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ফুলায়হ বিন সুলায়মান সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি দুর্বল। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়, তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক ভুল করেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৭৭৫, ২৩/৩১৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন